গাংনীতে আওয়ামীলীগের ৭১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গাংনী উপজেলা আওয়ামীলীগ এ উপলক্ষ্যে পতাকা উত্তোলন, আলোচনাসভা, কেক কাটা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

আজ বেলা ১১টার দিকে উপজেলা অডিটোরিয়ামে দিবসের কর্মসূচী শুরু করেন,মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম।

এ সময় জেলা আওয়ামীলীগের লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আহসানুল্লাহ মোহন, বামন্দি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল, মটমুড়া ইউনিয়নের সাধারণ সম্পাদক আবুল হাশেম, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেচ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশার, উপজেলা, ও ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃবৃন্দসহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ অংশে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত পরিচালনা করেন উপজেলা পরিষদ মসজিদের পেশ ইমাম ইলিয়াস হোসেন।

মেহেরপুরে বিনামূল্যে ৮১ হাজার

মাস্ক বিতরণের উদ্বোধন

মেহেরপুরে করোনা ভাইরাস প্রতিরোধে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক সাধারণ মানুষের মাঝে বিতরণ করা হবে। ভার্চ্যুয়াল কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে মাস্ক বিতরণের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ ঘোষনা দেন। সেই সাথে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে জেলা প্রশাসক আতাউল গনি সাংবাদিকদের হাতে মাস্ক তুলে দিয়ে বিরতনের শুভ সূচনা করেন। এ সময় ভার্চ্যুয়াল কনফারেন্সে একযোগে সংযুক্ত ছিলেন, জেলা শিল্পকলা একাডেমী থেকে জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ এবং মেহেরপুর ও মুজিবনগর ৯টি ইউনিয়নের জন প্রতিনিধিরা।

জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে কনফারেন্সে বক্তব্য দেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, ভারপ্রাপ্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক ইব্রাহীম শাহীন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইদ্রিস আলী, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, আমরা কঠিন সময়ের মধ্য দিয়ে পার হচ্ছি। অদৃশ্য শত্রু করেনা মোকাবেলায় আমাদের নিজেদের সচেতন হওয়ার বিকল্প নেই। তাই আমরা উদ্যোগ নিয়েছি মেহেরপুরে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক বিতরণ করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্তাবধানে তৃনমুল পর্যায়ের মানুষের মাঝে এই মাস্ক তুলে দেওয়া হবে।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, করোনা ভাইরাস পরীক্ষা আরোও বাড়ানোর জন্য আমরা পিসিআর মেশিন জার্মানি থেকে আমদানি করার চেষ্টা করছি। সল্পতার কারনে সময় লাগছে, আশা করি খুব তাড়াতাড়ি আমরা আরও মেশিন

নিয়ে আসতে পারবো। সর্বপরি আমাদের একটি বিষয় মাথায় রাখতে হবে, করোনা মোকাবেলায় আমাদের নিজেদের স্বাস্থসুরক্ষা নিজেরাই নিশ্চিত করবো। অর্থনৈতিক প্রতিবন্ধকতা যাতে তৈরি না হয় সেজন্য আমাদের এই আতঙ্কের মধ্যেই সকল কাজকর্ম চালিয়ে যেতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, জেলা প্রেস ক্লাবের সভাপতি মোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন, সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটু, রফিকুল আলম, মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক সহ মেহেরপুরের সাংবাদিকবৃন্দ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে সদর আওয়ামীলীগ, শহর আওয়ামীলীগ ও জেলা যুবলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামীলীগ এর ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। মঙ্গলবার সকালে শহীদ ড.সামসুজ্জোহা পার্কে অবস্থিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকীর সূচনা করা হয়।

পরে একই স্থানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য দেন,জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মিয়াজান আলী,শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আক্কাচ আলী, জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা।

এ সময় উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর আল মামুন, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন, জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, সাজিদুর রহমান সাজু প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে চাঁদাবাজি মামলার আসামী আটক

মেহেরপুরে চাঁদাবাজি মামলার আসামী আলামিন(৩০) নামের একজনকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার সকালে মেহেরপুর শহরের শিশুবাগান পাড়া থেকে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক আলামিন মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার ছানারুল ইসলাম ছেলে। আটক আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি চাঁদাবাজির মামলা আছে, যার নাম্বার -১৫।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বাংলাদেশ আওয়ামীলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে আওয়ামীলীগ এর ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। মঙ্গলবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বাস ভবন চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী কর্মসূচির উদ্বোধন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম এবং দলীয় পতাকা উত্তোলন করেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে মেহেরপুর জেলা আওয়ামীলীগ। এসময় সংক্ষিপ্ত বক্তব্য দেন, জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাড.ইব্রাহীম শাহীন।

উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, প্রচার সম্পাদক বুলবুল, মুজিবনগর উপজেলা আওয়ামিলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, আওয়ামী লীগ নেতা কাজী শহীদ, আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, যুব মহিলালীগ নেত্রী ও জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা, শামিউন বসিরা পলি, সোভা মন্ডল, তাসলিমা, কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অনিক প্রমুখ।

মেপ্র/এমএফআর

গাংনীতে করোনা উপসর্গে একজনের মৃত্যু

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া গ্রামে আলী শাহ নামের একজন করোনা উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেছেন। সোমবার বিকালে কুষ্টিয়া মেডিক্যাল কলেজে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত আলী শাহ নওদা মুটমুড়া গ্রামের বক্কর শাহ’র ছেলে।

গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম বিষয়টি নিশ্চিত করে বলেন, করোনা উপসর্গ নিয়ে কুষ্টিয়ায় চিকিৎসাধীন অবস্থায় একজনের মৃত্যু হয়েছে। কুষ্টিয়া থেকে তার নমুনা সংগ্রহ করা হয়েছে। লাশ গাংনীতে আসার পর স্বাস্থবিধি মেনে দাফন করার ব্যবস্থা করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ভৈরবে ডুবে যুবকের মৃত্যু

মেহেরপুরের ভৈরব নদে পানিতে ডুবে রুহুল নামের এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার শহরের শেখপাড়ায় ভৈরব নদে এ ঘটনা ঘটে। মৃত রুহুল মেহেরপুর শহরের বেড়পাড়ার মুনছুর আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ভৈরব নদে সাঁতার কেটে অপর পাড়ে যাওয়ার পথে কচুরিপানাতে আটকিয়ে তার মৃত্যু হয়। রুহুলসহ আরও দুইজন একসাথে সাতার কাটতে নামে অন্য দুইজন পার হতে পারলেও রুহুল পারেনি।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, পানিতে ডুবে এক যুবকের মৃত্যু হয়েছে। আমরা লাশ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানোর ব্যবস্থা করছি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন ও সার বীজ বিতরণ

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কুষি উন্নয়ন প্রকল্পের আওতায় মেহেরপুরের গাংনীতে সবজি বীজ ও চারা বিতরন এবং কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার দুপুরে গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের

সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি ছিলেন,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। এসময় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা কেএম শাহাবৃুুদ্দিন উপস্থিত ছিলেন।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রতি ইঞ্চি জমির ব্যাবহার ,পারিবারিক কৃষির আওতায় সবজি-পুষ্টি বাগান স্থাপন নিশ্চিত করণের আওতায় কৃষি সম্প্রাসরণ আয়োজিত অনুষ্ঠানে কৃষি ভিত্তিক ১০ টি স্টল সাজানো হয়েছে ।

মেহেরপুরে নতুন করে ৫ জন করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরও ৫ জন কোভিড-১৯ পজিটিভ রোগী সনাক্ত করা হয়েছে। ২২ জুন সোমবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ২৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ৬ টি পজিটিভ এসেছে। এর মধ্যে সদরে ৩ জন গাংনীতে ১ জন মুজিবনগরে ১ জন ও ১টি ফলোআপ পজিটিভ।

করেনা পজিটিভ ব্যক্তিরা হলেন, মেহেরপুর জেলা প্রশাসনের এমএলএসএস আব্দুর রশিদ, পুলিশ সদস্য সেলিম মিয়া, হামিদুল হক, গাংনীর তেরাইল গ্রামের পূর্বপাড়ার আবেদা সুলতানা, মুজিবনগরের গোপালনগর গ্রামের মামুনুর রশীদ।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, মেহেরপুরে নতুন করে ৬ জন কোভিড-১৯ পজিটিভ হয়েছে। এর মধ্যে একটি ফলোআপ। সেই সাথে আজ সোমবার নমুনা সংগ্রহ করা হয়েছে ২৫ জনের।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে তামাকজাত দ্রব্যের প্রচারণার দায়ে জাপান টোব্যাকো কোম্পানি জরিমানা

মেহেরপুরে সিগারেটের প্রচারণার দায়ে জাপান টোব্যাকো কোম্পানি জরিমানা করা হয়েছে।
সোমবার সকালে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর ঢাকা টোবাকো ইন্টারন্যাশনাল কোম্পানির অফিসে অভিযান চালানো হয়। এসময় ধারাবাহিকভাবে প্রমোশনাল বিজ্ঞাপন সম্বলিত লিফলেট, স্টিকার, ডিসপ্লে বোর্ড, ব্যানার দোকানে দোকানে সরবরাহ ও প্রচারে উদ্বুদ্ধ করার অভিযোগে সাম্যবাদ ভারতবর্ষ আইনে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

জেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তাজিমুল হক এর লিখিত অভিযোগের ভিত্তিতে ধুমপান ও তামাকজাত পণ্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ৫(১)(ক) ধারার অপরাধে দোষ স্বীকারোক্তি সাপেক্ষে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান ও উল্লেখযোগ্য সংখ্যক প্রমোশনাল বিজ্ঞাপন সম্বলিত মালামাল জব্দ করা হয়েছে।

মেপ্র/এমএফআর